পল্লী উন্নয়ন একাডেমী,
বগুড়া
আরডিএ লাইব্রেরির একটি সংক্ষিপ্ত প্রতিবেদনঃ

প্রাক কথনঃ লাইব্রেরি একটি প্রতিষ্ঠানের হৃৎপিন্ড। আধুনিক লাইব্রেরি ছাড়া উন্নত দেশ কল্পনা করা অসম্ভব। ১৯ জুন, ১৯৭৪ ইং সালে আরডিএ প্রতিষ্ঠিত হওয়ার পর ১৯৮০ সাল থেকে এ লাইব্রেরি তথ্য সেবা প্রদান করে আসছে। ঐতিহ্যবাহী লাইব্রেরিটি অতিসম্প্রতি মহাপরিচালক মহোদয় কর্তৃক আধুনিকায়ন করা হয়েছে। এ ছাড়া অতিসম্প্রতি লাইব্রেরি ভবনের নীচতলায় মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য মহোদয় কর্তৃক বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন করা হয়। জাতির পিতা সম্পর্কিত সমস্ত প্রকাশনা ছাড়াও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রণীত সকল প্রকাশনা ও মুক্তিযুদ্ধ বিষয়ক বইয়ের মাধ্যমে কর্নারটি সম্বৃদ্ধ করা হয়েছে।

১। জনবল: আরডিএ লাইব্রেরিতে সর্বমোট ১১ (এগার) জন কর্মকর্তা-কর্মচারী নিয়োজিত আছেন ।

- লাইব্রেরিয়ান - ০১
- সহকারী লাইব্রেরিয়ান - ০১ জন
- লাইব্রেরি সহকারী - ০২ জন
- ডকুমেন্টেশন সহকারী - ০১ জন
- ক্যাটালগার - ০১ জন
- অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক - ০১ জন
- বুক বাইন্ডার - ০১ জন
- অফিস সহায়ক - ০১ জন
- গেট ম্যান - ০২ জন

২। সময়সূচী: আরডিএ লাইব্রেরি শুধু সরকারী ও অনুমোদিত ছুটি ব্যতিত প্রায় প্রতিদিনই পাঠকদের জন্য খোলা থাকে।

| | |
|---|---|
| গ্রীস্মকাল: | সকাল ০৮ টা থেকে রাত ০৮ টা পর্যন্ত |
| শীতকাল: | সকাল ০৮ টা থেকে সন্ধা ০৭ টা পর্যন্ত |
| অফিস সময়: | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা পর্যন্ত । |
| সাপ্তাহিক ছুটি: | শুক্রবার ও শনিবার । |

৩। সেবাসমূহ : আরডিএ লাইব্রেরিতে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়।

- ✓ সাধারণ পাঠক সেবা
- ✓ রেফারেন্স সেবা
- ✓ রেফারেল সেবা
- ✓ গ্রন্থপঞ্জিগত সেবা
- ✓ ইডেক্সিং সেবা
- ✓ এ্যাবস্টাক্টিং সেবা
- ✓ ইন্টারনেট ও ই-মেইল সেবা
- ✓ ডকুমেন্টেশন সেবা
- ✓ ধার (লেন্ডিং) সেবা
- ✓ চলতি তথ্য জ্ঞাপন সেবা (CAS)
- ✓ এসডিআই সেবা (SDI)
- ✓ টেলিফোনিক সেবা

৪। লাইব্রেরি ফ্লোর ব্যবস্থাপনা:

| | | |
|---|---|---|
| নিচ তলা | : | বঙ্গবন্ধু কর্নার |
| প্রথম তলা | : | রেফারেন্স লাইব্রেরি |
| দ্বিতীয় তলা | : | কনফারেন্স হল |
| তৃতীয় তলা | : | ল্যাংগুয়েজ সেন্টার |

৫। লাইব্রেরির সদস্য:

ক) স্থায়ী সদস্যঃ আরডিএ’র অনুষদ সদস্য, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

খ) অস্থায়ী সদস্যঃ প্রশিক্ষণার্থী, পিজিডি, বিএড, এমএড কোর্সের শিক্ষার্থীবৃন্দ (শুধুমাত্র প্রশিক্ষণ/কোর্সের সময়কালীন)

গ) অতিথি সদস্যঃ পাঠানুরাগী যে কেউ মহাপরিচালক মহোদয় বরাবর আবেদন করে লাইব্রেরি ব্যবহার করতে পারবেন। তবে, এক্ষেত্রে লাইব্রেরির কোন ক্ষতি হলে নিজে দায়ী থাকবেন।

৬। ব্যবহারকারীদের বই ধার নেওয়ার মেয়াদ ও পরিশোধঃ

ক) অনুষদ সদস্যঃ ১৫ (পনের) দিনের জন্য একসাথে সর্বোচ্চ ০৫(পাঁচ) টি বই ধার নিতে পারবেন। একই বই দ্বিতীয় বারের মত নবায়ন করে আরো ১৫ (পনের) দিনের জন্য ইস্যু করা যাবে।

খ) আরডিএ’র কর্মকর্তাঃ সদস্যগণ প্রশিক্ষণ/কোর্সের নির্ধারিত সময়ের ১০দিন একসাথে সর্বোচ্চ ৩টি বই ধার নিতে পাববেন। একই বই দ্বিতীয় বারের মত নবায়ন করে আরো ১০ (দশ) দিনের জন্য ইস্যু করা যাবে।

গ) আরডিএ’র ষ্টাফঃ ০৭ (সাত) দিনের জন্য একসাথে সর্বোচ্চ ০৩(তিন) টি বই ধার নিতে পারবেন। একই বই দ্বিতীয় বারের মত নবায়ন করে আরো ০৭ (সাত) দিনের জন্য ইস্যু করা যাবে।

ঘ) প্রশিক্ষণার্থী/ বিএড, এমএড কোর্সের শিক্ষার্থীঃ ১০ (দশ) দিনের জন্য একসাথে সর্বোচ্চ ০৩(তিন) টি বই ধার নিতে পারবেন। একই বই দ্বিতীয় বারের মত নবায়ন করে আরো ১০ (দশ) দিনের জন্য ইস্যু করা যাবে।

ঙ) অতিথি ব্যবহারকারীঃ ০৭ (সাত) দিনের জন্য একসাথে সর্বোচ্চ ০৩(তিন) টি বই ধার নিতে পারবেন। একই বই দ্বিতীয় বারের মত নবায়ন করে আরো ০৭ (সাত) দিনের জন্য ইস্যু করা যাবে।

৭। তথ্য সম্পদঃ আরডিএ লাইব্রেরিতে ৩০,৮১৪টি বই, ৩,১৯৮টি সাময়িকী, ৬,৩১০টি গবেষণা প্রতিবেদন রয়েছে। এছাড়াও অডিও-ভিজ্যুয়াল মেটারিয়ালস্ ও ম্যাপ রয়েছে।

৮। তথ্য সামগ্রী সংগ্রহের নিয়মঃ

ক) ক্রয়
খ) অনুদান
গ) সৌজন্য কপি
ঘ) বিনিময়
ঙ) নিজস্ব প্রকাশনা
চ) আন্তঃ গ্রন্থাগার ধার
ছ) সরকারী প্রকাশনা প্রভৃতি।

০৯। সংগৃহীত পত্রিকা ও সাময়িকী:

ক) যুগান্তর
খ) প্রথম আলো
গ) করতোয়া
ঘ) ইত্তেফাক
ঙ) সমকাল
চ) দেশ রূপান্তর
ছ) দৈনিক বগুড়া
জ) ইনকিলাব
ঝ) কালের কন্ঠ
ঞ) আমাদের সময়
ট) বাংলাদেশ প্রতিদিন
ঠ) আজকের পত্রিকা
ড) ভোরের কাগজ
ঢ) মানবজমিন
ণ) Business Standard
ত) Daily Star
থ) Daily Observer

এছাড়াও নিম্নবর্ণিত সাময়িকী ও চলতি তথ্য লাইব্রেরিতে সংগৃহীত করা হয়।

ক) মাসিক মদীনা
খ) সানন্দা
গ) বিজ্ঞান চিন্তা
ঘ) কিশোর আলো
ঙ) চলতি ঘটনা : বাংলাদেশ ও বিশ্ব
চ) বিজ্ঞান চিন্তা

১০। লাইব্রেরি ব্যবহারের নিয়মাবলী:

ক) লাইব্রেরির অভ্যন্তরে প্রবেশের সময় ব্যাগ, ছাতা, ব্যক্তিগত বই-পুস্তক ইত্যাদি যাবতীয় জিনিসপত্র গেটম্যানের কাছে জমা দিতে হবে।

খ) লাইব্রেরিতে প্রবেশের পর রেজিষ্টার খাতায় ব্যবহারকারীর নাম, পদের নাম ও স্বাক্ষর দিতে হবে ।

গ) লাইব্রেরিতে নীরবতা পালন করতে হবে এবং অন্যান্য পাঠকের অসুবিধা হয় এমন শব্দ বা কাজ করা যাবে না ।

ঘ) লাইব্রেরি ব্যবহারের সময় কোন বই বা অন্যান্য তথ্য সামগ্রীর ক্ষতি করলে এর জন্য উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে।

ঙ) ইস্যু করা ছাড়া বই লাইব্রেরির বাহিরে নেওয়া যাবে না ।

চ) লাইব্রেরির বইয়ে কোন রকম দাগ দেওয়া, লেখা, পৃষ্ঠা ছেড়া, কাটা, ভাঁজ দেয়া যাবে না।

ছ) ব্যবহারের পর পাঠ সামগ্রী টেবিলের উপরে রেখে দিতে হবে। ব্যবহারকারী কোনক্রমেই শেলফে বই রাখবেন না। শুধুমাত্র লাইব্রেরির স্টাফ টেবিলে রাখা বই শেলফে রাখবেন।

জ) ছেঁড়া, পোকা খাওয়া বা অন্য কোনভাবে ক্ষতিগ্রস্থ বই মেরামত না হওয়া পর্যন্ত ইস্যু করা যাবে না ।

ঝ) মেয়াদ শেষ হওয়া মাত্রই ইস্যুকৃত বই ফেরত দিতে বাধ্য থাকবেন।

ঞ) ইস্যুকৃত বই ফেরত না দেওয়া পর্যন্ত নতুন বই ইস্যু করা যাবে না ।

ট) জমা দেওয়ার মেয়াদ উর্ত্তীণ হওয়ার পূর্বে বিশেষ প্রয়োজনবশতঃ কোন বই ফেরত চাওয়া হলে সদস্যগণ তা ফেরত দিতে বাধ্য থাকবেন।

ঠ) ইস্যুকৃত বই ফেরত না দেওয়া পর্যন্ত নতুন বই ইস্যু করা যাবে না ।

১১। লাইব্রেরি ছাড়পত্রঃ আরডিএ'র অনুষদ সদস্য কর্মকর্তা কর্মচারী. প্রশিক্ষণার্থী, পিজিডিআরডি, বিএড, এমএড কোর্সের শিক্ষার্থীবৃন্দ বদলি, পদত্যাগ, অবসর গ্রহণ, চাকুরিচ্যুতি বা অন্য কোন কারণে আরডিএ ত্যাগ করার পূর্বে অবশ্যই লাইব্রেরির ছাড়পত্র গ্রহণ করতে হবে।

১২। বঙ্গবন্ধু কর্নারঃ আরডিএ লাইব্রেরিতে পৃথকভাবে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে। যেখানে বঙ্গবন্ধু ও স্বাধীনতা সম্পর্কিত বই, ডকুমেন্টস, দলিল পত্র সংগৃহীত আছে। প্রতিনিয়ত এর সংগ্রহ বৃদ্ধি পাচ্ছে। সম্প্রতি মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি বঙ্গবন্ধু কর্নারটি পরিদশর্ন করেন এবং এর অত্যাধুনিকভাবে পুনঃনির্মানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

১৩। বই হারানোর জরিমানাঃ হারিয়ে যাওয়া বইয়ের মুদ্রিত মূল্যর ০৩ (তিন) গুন টাকা মহাপরিচালকের হিসাবে জমা দিতে হবে।

১৪। ভবিষ্যত পরিকল্পনা:

ক) আরডিএ লাইব্রেরিকে ডিজিটাল লাইব্রেরিতে রূপান্তর করা;
খ) আরএফআইডি (RFID) প্রযুক্তি ব্যবহার করা;
গ) বঙ্গবন্ধু কর্নার সম্ভব হলে লাইব্রেরি ভবনে ৪র্থ তলায় লাইব্রেরির অধীনে একটি সাইবার সেন্টার চালু করা যায়।
ঘ) দেশি-বিদেশি একাডেমীর সাথে সংশ্লিষ্ট বই, জার্নাল, সাময়িকীর সংখ্যা বৃদ্ধি করা;
ঙ) বঙ্গবন্ধুর সোনার বাংলা গঠনে আরডিএ লাইব্রেরির কার্যকরী ভূমিকা বা অবদান রাখা প্রভৃতি।

**(এসএম মোহাম্মদ আলী)**
**গ্রন্থাগারিক**
**পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।**